মঙ্গলবারের
# দৈনিক জনতা
দলনিরপেক্ষ সংবাদপত্র

৮ পৃষ্ঠা ৫ টাকা

ঢাকা, মঙ্গলবার
১২ নভেম্বর ২০২৪
২৭ কার্তিক ১৪৩১
৯ জমাদিউল আউয়াল ১৪৪৬
রেজিস্ট্রেশন-ডিএ ৫৯৬, ৪১ বর্ষ, ১৪৪ সংখ্যা

www.dainikjanata.net https://www.facebook.com/dainikjanata.net

## ট্রাম্পের সঙ্গে কাজ করতে কোনও ভয় নেই : ভারত



জনতা ডেস্ক

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনে দ্বিতীয় মেয়াদে জয়ী রিপাবলিকান ডনাল্ড ট্রাম্পের সঙ্গে কাজ করতে কোনও ভয় বা উদ্বেগ নেই বলে জানিয়েছে ভারত।

ভারতের পররাষ্ট্রমন্ত্রী সুব্রহ্মণ্যম জয়শঙ্কর রোববার বলেছেন, অন্যান্য বেশ কিছু দেশ ট্রাম্পকে নিয়ে ◀২ পৃষ্ঠায় ৭ম কলাম দেখুন

# প্রত্যাহারের ১ ঘণ্টা পর ফের সড়কে শ্রমিকরা



গাজীপুরে ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক দীর্ঘ ৫৩ ঘণ্টা অবরোধ তুলে নেয়ার এক ঘণ্টা পর আবার অবরোধ করছে শ্রমিকরা -জনতা

## ঢাকায় নেয়া শ্রমিকদের ফিরে না আসা পর্যন্ত চলবে অবরোধ

- ঢাকা-ময়মনসিংহ মহাসড়কে সব ধরনের যানবাহন চলাচল বন্ধ
- সড়কের উভয় পাশে যানজট
- অফিসগামী যাত্রীরা কর্মস্থলে যেতে পারছে না

হাবিবুর রহমান

গাজীপুরে ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক দীর্ঘ ৫৩ ঘণ্টা অবরোধ তুলে নেয়ার এক ঘণ্টা পর গতকাল সোমবার ফের মোগরখাল এলাকায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক আবারও অবরোধ করেছেন পোশাকশ্রমিকরা। এতে মহাসড়কে তীব্র যানজট তৈরি হয়। পোশাক শ্রমিকদের অবরোধে অচল হয়ে পড়ে মহাসড়ক। তবে শ্রমিকদের দাবি, বেতনের জন্য ঢাকায় যাওয়া শ্রমিকদের প্রতিনিধি দল ফিরে না আসা পর্যন্ত তাদের অবরোধ অব্যাহত থাকবে। অপরদিকে নারায়ণগঞ্জের ফতুল্লায় বকেয়া বেতনের দাবিতে অবন্তী কালার নামে একটি তৈরি পোশাক কারখানার শ্রমিকরা সড়ক অবরোধ করে বিক্ষোভ করে। এসময় তারা বিসিক শিল্পাঞ্চলে ঢুকে বেশ কয়েকটি পোশাক কারখানায় ভাঙচুর করে। ফলে নিরাপত্তার কারণে বিসিক শিল্পাঞ্চলের সব কারখানা দুপুরের আগেই ছুটি দিয়ে দেয়া হয়।

স্থানীয় সূত্রে জানা গেছে, গতকাল সোমবার দুপুরের দিকে গাজীপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এরশাদ মিয়া ও সেনাবাহিনীসহ পুলিশের একটি দল শ্রমিকদের সাথে আলোচনা করার জন্য কলম্বিয়া গার্মেন্টস এলাকায় যায়। সেনাবাহিনী, পুলিশ ও প্রশাসনের পক্ষ থেকে শ্রমিকদের সঙ্গে আলোচনা হয়। আলোচনায় শ্রমিকদের একটি প্রতিনিধি দলকে ঢাকায় নিয়ে যাওয়া হয় তাদের বেতন সংক্রান্ত বিষয়টি সমাধানের জন্য। পরে শ্রমিকদের মহাসড়ক থেকে সরে যাওয়ার জন্য সেনাবাহিনী ও পুলিশের পক্ষ থেকে অনুরোধ জানানো হলে কিছু শ্রমিক মহাসড়ক ছেড়ে চলে যান। কিছু শ্রমিক মহাসড়ক ছেড়ে যেতে স্বীকৃতি জানান। একপর্যায়ে পুলিশ ও সেনাবাহিনী ধাওয়া দিলে ওই শ্রমিকরা মহাসড়ক থেকে চলে যান। পরে সেনাবাহিনীর সহায়তায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়কে দুপুর আড়াইটার দিকে যানবাহন চলাচল শুরু হয়। তবে সেনাবাহিনীর সদস্যরা চলে যাওয়ার পর বিক্ষুব্ধ শ্রমিকরা বিকেল সাড়ে ৩টার দিকে ফের একই স্থানে অবরোধ করেন। এতে মহাসড়কের উভয় পাশে ফের তীব্র যানজট তৈরি হয়েছে। অচল হয়ে পড়ে ঢাকা- ◀২ পৃষ্ঠায় ১ম কলাম দেখুন

## প্রবাসীরা বিমানবন্দরে অতিথির সম্মান পাবেন
-প্রধান উপদেষ্টা

স্টাফ রিপোর্টার

অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস বলেছেন, প্রবাসীরা যেন বিমানবন্দরে অতিথির মতো সম্মান ও সেবা পান সরকার তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছে। গতকাল সোমবার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অভিবাসীকর্মীদের জন্য একটি ডেডিকেটেড লাউঞ্জ (প্রবাসী লাউঞ্জ) উদ্বোধনকালে তিনি এ কথা বলেন।

প্রবাসীদের উদ্দেশে প্রধান উপদেষ্টা বলেন, আপনাদের যে প্রাপ্য সম্মান, সেটি যেন জাতি দিতে পারে। সেই সম্মান দেয়ার জন্য আজকের প্রথম পদক্ষেপ হিসেবে প্রবাসী লাউঞ্জ উদ্বোধন করা হলো। আশা করি, আরও বহু ধরনের পদক্ষেপ নেয়া হবে। ড. ইউনূস বলেন, যাতে করে আপনারা এখানে এসে মনে করতে পারেন যে, আপনারা শান্তিতে আছেন, বাড়িতে আছেন, সবাই আপনাদের দেখভাল করছে, আপনাদের সেবা করছে। অর্থাৎ আপনি এখানে মেহমানের মতো থাকবেন। আপনি সম্মান নিয়ে থাকবেন। তিনি বলেন, আপনার প্রাপ্য বুঝিয়ে দেয়ার জন্য এই প্রচেষ্টা। আজকে যেটা শুরু করলাম, বহুভাবে একে কাজ লাগানো যাবে।

প্রবাসীরা বিমান বন্দরে যথাযথ সম্মান ও সেবা পান না বলে আক্ষেপ প্রকাশ করে প্রধান উপদেষ্টা বলেন, আপনাদের দিয়ে তো দেশ চলে। আপনাদের তো মাথার ওপর রাখার কথা। অপরাধী করে রাখবে কেন? ভাবখানা এই যে, তোমরা নিজেদের টাকা রোজগার করতেছো, তোমাদের ব্যাপার! আমাদের কী তাতে? প্রবাসীদের উপার্জিত অর্থ যথার্থভাবে দেশের কাজে লাগানোর ওপর গুরুত্বারোপ



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় ক্যাম্পাসের কাজ সেনাবাহিনীকে হস্তান্তর, ইউজিসির পাইলট প্রকল্পে জবিকে অন্তর্ভুক্তির দাবিসহ ৫ দফা দাবিতে গতকাল সোমবার সচিবালয় ঘেরাও করে শিক্ষার্থীরা -জনতা

# শিক্ষার্থীদের ঘেরাওয়ে অবরুদ্ধ সচিবালয়

সফিকুল ইসলাম

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) দ্বিতীয় ক্যাম্পাসের কাজ সেনাবাহিনীকে হস্তান্তরের দাবিসহ পাঁচ দফা ও ইউজিসির পাইলট প্রকল্পে অন্তর্ভুক্তির দাবিতে সচিবালয় সামনে অবস্থান নিয়েছে বিশ্ববিদ্যালয়টির শিক্ষার্থীরা। এসময় শিক্ষার্থীরা সচিবালয়ের ১ নম্বর গেটের সামনে অবস্থান নেয়ার পরই সবগুলো গেট বন্ধ হয়ে যায়। এরপর সচিবালয় থেকে কোনো গাড়ি বের হতে পারেনি আবার কোনো গাড়ি প্রবেশও করতে পারেনি। এতে অনেকটাই অবরুদ্ধ হয়ে পড়ে সচিবালয়ের কর্মরত কর্মকর্তা-কর্মচারীরা। এককথায় বলতে গেলে শিক্ষার্থীদের দাবি আদায়ে বিক্ষোভের পরিপ্রেক্ষিতে অবরুদ্ধ হয়ে পড়ে সচিবালয়। এ সময় শিক্ষার্থীরা 'আমি কে, তুমি কে, জবিয়ান, জবিয়ান', 'মুলা না ক্যাম্পাস, ক্যাম্পাস, ক্যাম্পাস',

### জবি শিক্ষার্থীদের ৫ দফা দাবি

- শিক্ষা মন্ত্রণালয়ের সামনে শিক্ষার্থীদের অবস্থান
- শিক্ষার্থীদের দাবি মেনে নেয়ার প্রতিশ্রুতি নাহিদ ইসলামের

'শিক্ষার্থীদের দাবি বাস্তবায়নে মঙ্গলবার থেকে কাজ শুরু হচ্ছে
নাসির উদ্দীন
অধ্যাপক
জবি

## ৬ দফা দাবিতে মেডিকেল টেকনোলজিস্টদের বিক্ষোভ

স্টাফ রিপোর্টার

স্বতন্ত্র পরিদফতর গঠনসহ ছয় দফা দাবিতে স্বাস্থ্য অধিদফতর অবরোধ করে বিক্ষোভ করেছেন মেডিকেল টেকনোলজিস্ট এবং ফার্মেসি শিক্ষার্থীরা। গতকাল সোমবার সকাল থেকে দুপুর পর্যন্ত তারা বিক্ষোভ করেন। অধিদফতরের মূল ফটকে তালা ঝুলিয়ে দেন আন্দোলনকারীরা। তাতে স্বাস্থ্য অধিদফতর ভবনে বাইরে থেকে কোনও কর্মকর্তা-কর্মচারী প্রবেশ করতে পারেননি এবং ভেতর থেকেও কেউ বাইরে যেতে পারেননি। পরে

## ট্রাম্প-পুতিন ফোনালাপ
## ব্যাপক ড্রোন হামলা

## পিএসসির নতুন কমিশনের প্রথম সভা আজ, আলোচনায় চার

সাবেক সিইসি মোহাম্মদ আবু হেনা
## সিস্টেম পরিবর্তন না

## প্রত্যাহারের ১ ঘণ্টা পর ফের সড়কে শ্রমিকরা

ময়মনসিংহ মহাসড়ক। শ্রমিকদের দাবি, বেতনের জন্য ঢাকায় যাওয়া শ্রমিকদের প্রতিনিধি দল ফিরে না আসা পর্যন্ত তাদের অবরোধ অব্যাহত থাকবে। থানা পুলিশ ও শিল্পাঞ্চল পুলিশ তাদের বুঝিয়ে মহাসড়ক থেকে সরানোর চেষ্টা করলেও শ্রমিকরা মহাসড়ক ছেড়ে যায়নি। এতে চরম দুর্ভোগে পড়েছেন ওই মহাসড়কে চলাচলকারীরা। দীর্ঘসময় গাড়ি আটকে থাকায় হেঁটে গন্তব্যে গেছেন অনেকে।

গতকাল সোমবার সকালে মোগরখাল এলাকায় শ্রমিকদের সঙ্গে কথা বলে জানা গেছে, গত রোববার পুলিশ ও প্রশাসনের লোকজন এসে তাদের বেতন পরিশোধ করার জন্য সাত দিনের সময় চেয়েছিল। গত এক মাস ধরে বিভিন্ন সময় অনেক তারিখ দিয়েও মালিক এবং প্রশাসন তাদের কথা রাখতে পারেনি। তাই তারা কোনো কথাতেই আর আশ্বস্ত হতে পারছেন না। বকেয়া বেতন পরিশোধ না করা পর্যন্ত অবরোধ কর্মসূচি চালিয়ে যাওয়ার কথাও জানিয়েছেন শ্রমিকরা। পোশাক শ্রমিকরা মহাসড়ক দিয়ে মোটরসাইকেল চলাচলেও বাধা দেয়। এমন পরিস্থিতিতে যেকোনো অপ্রীতিকর ঘটনা এড়াতে রাতে শিল্প পুলিশ ও থানা পুলিশকে ওই এলাকায় অবস্থান করতে দেখা গেছে। এদিকে শ্রমিকরা গত রোববার রাতও ঢাকা-ময়মনসিংহ মহাসড়কে কাটিয়েছেন। তারা পালাক্রমে অবস্থান নিয়ে দাবি আদায়ের পক্ষে বিক্ষোভ করছেন। সড়কের পূর্ব পাশে একটি অটোরিকশায় মাইক লাগিয়ে শ্রমিকদের অবস্থান করার আহ্বান জানাচ্ছেন তারা।

গাজীপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. এরশাদ মিয়া বলেন, শ্রমিকদের পাওনাদি কীভাবে পরিশোধ করা যেতে পারে সে ব্যাপারে স্যারের (সচিব) সঙ্গে আলোচনা করবো। এই আশ্বাসের পর শ্রমিকরা অবরোধ ছেড়ে দেয়। তিনি বলেন, 'বেতন না পেলে মহাসড়ক ছাড়বো না' এই দাবিতে শ্রমিকরা সড়কে শক্ত অবস্থান নিলে এক মাসের বেতন আগামী ১৭ নভেম্বর রোববার প্রদান করা হবে বলে মোবাইলে শ্রম সচিব প্রতিশ্রুতি প্রদান করেন। গতকাল সোমবার দুপুর ২টার দিকে এমন আশ্বাসের প্রেক্ষিতে টিএনজেড গ্রুপের আন্দোলনকারী শ্রমিকরা মহাসড়ক থেকে অবরোধ প্রত্যাহার করে নেন। এতে দুই মাসের বকেয়া বেতনের দাবিতে তৃতীয় দিনের মতো টানা ৫৩ ঘণ্টা ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক অবরোধের অবসান হয়। পরে ঠিক এক ঘণ্টার পর আবারও পোশাক শ্রমিকরা ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করে।

গাজীপুর মহানগর পুলিশের উপপুলিশ কমিশনার (অপরাধ-উত্তর) নাজির আহমেদ বলেন, গতকাল সোমবার দুপুর ১টার পর শ্রম মন্ত্রণালয়ের সচিব শ্রমিকদের উদ্দেশ্যে মোবাইল ফোনে বক্তব্য দেন। তার ওই বক্তব্য সেখানকার মাইকে প্রচার করা হয়। এ সময় সেখানে গাজীপুর সদর ইউএনও, সেনাবাহিনীর কর্মকর্তা, শিল্প পুলিশ ও আন্দোলনকারী শ্রমিকরা উপস্থিত ছিলেন। উপপুলিশ কমিশনার বলেন, শ্রম সচিব বলেছেন, সরকার দায়িত্ব নিয়ে আগামী রোববারের মধ্যে ৬ কোটি টাকা অনুদান হিসেবে দেবে। শ্রমিকদের অন্যান্য দাবি ও পাওনা কীভাবে, কবে পরিশোধ করা হবে তা আলোচনার জন্য শ্রমিকদের একটি প্রতিনিধি দলকে [illegible]

এতে বিশ্ববিদ্যালয়ের প্রায় দুই হাজার শিক্ষার্থী অংশগ্রহণ করেন। শিক্ষার্থীদের প্রতিনিধি দল মন্ত্রণালয়ে স্মারকলিপি প্রদান করতে চাইলে, সচিব তাদের সঙ্গে দেখা করতে অপারগতা প্রকাশ করেন। এক পর্যায়ে আন্দোলনরত শিক্ষার্থীরা সচিবালয়ের সামনে অবস্থান নেয়। প্রাণ রসায়ন ও অনুপ্রাণ বিভাগের শিক্ষার্থী নওশীন নাওয়ার জয়া বলেন, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের হল নির্মাণ করা হচ্ছে। আমরা জবিয়ানরা পিছিয়ে আছি। আমাদের [illegible]

## ট্রাম্প-পুতিন ফোনালাপ

কথা বলেছেন বলে রোববার জানিয়েছে রয়টার্সসহ বিশ্বের প্রায় সব প্রথম সারির আন্তর্জাতিক গণমাধ্যম। মার্কিন সংবাদমাধ্যম ওয়াশিংটন পোস্ট জানিয়েছে, গত বৃহস্পতিবার স্থানীয় সময় সন্ধ্যায় ট্রাম্পের ফ্লোরিডার বাসভবন মার-আ-লাগোতে টেলিফোনে কথা হয়েছে ট্রাম্প ও পুতিনের মধ্যে। যখন টেলিফোনে তাদের মধ্যে কথা হচ্ছে, সে সময় যুক্তরাষ্ট্রের অনেকগুলো রাজ্যের পপুলার ভোট এবং ইলেক্টোরাল ভোটের ফলাফল প্রকাশ হয়ে গেছে এবং প্রায় নিশ্চিত হওয়া গেছে যে ট্রাম্প বিজয়ী হচ্ছেন। রোববার দুই নেতার ফোনালাপের খবর প্রচারিত হওয়ার কয়েক ঘণ্টার মধ্যেই ঘটেছে এই ড্রোন হামলা। ২০২২ সালে যখন ইউক্রেনে অভিযান শুরু করে রুশ বাহিনী, সে সময় যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ছিলেন ডেমোক্রেটিক পার্টির নেতা জো বাইডেন। রাশিয়া-ইউক্রেন যুদ্ধ বাঁধার পর বাইডেন প্রশাসন দ্ব্যর্থহীনভাবে ইউক্রেনের সমর্থনে দাঁড়িয়ে যায় এবং রাশিয়ার বিরুদ্ধে শত শত নিষেধাজ্ঞা জারির পাশাপাশি ইউক্রেনে কোটি কোটি ডলার সহায়তা প্রদান করতে থাকে। গত প্রায় তিন বছরে হাজার হাজার কোটি ডলার ইউক্রেনকে সহায়তা দিয়েছে ওয়াশিংটন। বাইডেন প্রশাসনের এ পদক্ষেপের কঠোর সমালোচক ছিলেন ডোনাল্ড ট্রাম্প। একাধিকবার তিনি বলেছেন যে ওয়াশিংটনের উচিত ইউক্রেনে অর্থ সহায়তা পাঠানো বন্ধ এবং রাশিয়ার সঙ্গে শান্তি সংলাপ শুরু করার জন্য ইউক্রেনকে চাপ দেওয়া।

আগামী ২০ জানুয়ারি আনুষ্ঠানিকভাবে [illegible]

[illegible] সজল, অ্যাডভোকেট আমিনুল ইসলাম, ব্যারিস্টার নাসির উদ্দিন অসীম, অ্যাডভোকেট জাকির হোসেন, অ্যাডভোকেট ছিদ্দিক উল্লাহ মিয়া, ব্যারিস্টার সানজিদ সিদ্দিকী। [illegible]

## প্রবাসীরা বিমানবন্দরে অতিথির সম্মান পাবেন

[illegible]

## পিএসসির নতুন কমিশনের প্রথম সভা আজ

[illegible]

## জনতার সার্কুলেশন

অফিস থেকে বাসায় ফেরার পথে রাজধানীর কাকরাইল মোড়ে সড়ক দুর্ঘটনায় আহত হন। পরে তাকে উদ্ধার করে প্রথমে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নেয়া হয়। পরে সেখান থেকে তাকে নিয়ে শ্যামলীর অ্যালাইন্স হাসপাতালে চিকিৎসা দেয়া হয়। গতকাল সোমবার তার অবস্থার অবনতি হলে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তর করা হয়। হাসপাতালে নেয়ার পর কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

জিয়ার মৃত্যুতে জনতার সম্পাদক গভীর শোক জানিয়েছেন। জনতা পরিবারের পক্ষ থেকেও শোক জানানো হয়েছে। শোক সন্তপ্ত পরিবারকে সমবেদনাও জানানো হয়েছে।

## বন্ধ হচ্ছে প্রকল্পে

কোনো প্রকল্পে আর আউটসোর্সিং থাকবে না। দরকার হলে আমাদের শূন্যপদ পূরণ করবো।

সরকারি সব দফতর-অধিদফতরে নিয়োজিত আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবাগ্রহণ নীতিমালা (ঠিকাদারের মাধ্যমে নিয়োগ প্রথা)-২০১৮ বাতিল করে কর্মরত আউটসোর্সিং কর্মচারীদের বহাল রাখা ও বয়স শিথিল করে নিজ নিজ প্রতিষ্ঠানে চাকরি জাতীয়করণের দাবি জানিয়েছে বাংলাদেশ আউটসোর্সিং কর্মচারী কল্যাণ পরিষদ কেন্দ্রীয় কমিটি। আউটসোর্সিংয়ে নিয়োগ পাওয়া কর্মকর্তা-কর্মচারীরা প্রধান উপদেষ্টার [illegible]

বিভাগের সচিব আবদুল আজিজ স্বাক্ষরিত চিঠিতে সংবিধানের ৪ক অনুচ্ছেদ উল্লেখ করে বিভিন্ন অফিস ও শিক্ষা প্রতিষ্ঠানে শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি টানানোর নির্দেশনা জারি করা হয়।

৪ক অনুচ্ছেদে বলা হয়- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, স্পিকার ও প্রধান বিচারপতির কার্যালয় এবং সকল সরকারি ও আধা-সরকারি অফিস, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, সংবিধিবদ্ধ সরকারী কর্তৃপক্ষের প্রধান ও শাখা কার্যালয়, সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান, বিদেশে অবস্থিত বাংলাদেশের দূতাবাস ও মিশনসমূহে সংরক্ষণ ও প্রদর্শন করিতে হইবে।

ছাত্র-জনতার অভ্যুত্থানে গত ৫ অগাস্ট আওয়ামী লীগ সরকারের ১৫ বছরের শাসনের অবসান ঘটে, শেখ হাসিনা পালিয়ে ভারতে চলে যান। এরপর বিভিন্ন স্থানে বঙ্গবন্ধুর ভাস্কর্য ও ম্যুরাল ভেঙে ফেলা হয়। বিভিন্ন অফিস থেকে নামিয়ে ফেলা হয় শেখ হাসিনার ছবি।

রোববার অন্তর্বর্তীকালীন সরকারের নতুন তিন উপদেষ্টার শপথ অনুষ্ঠানের সময়ও বঙ্গভবনের দরবার হলে তাদের পেছনে বঙ্গবন্ধুর ছবিটি ছিল। এর প্রতিবাদ জানিয়ে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম সমন্বয়ক হাসনাত আবদুল্লাহ ফেইসবুকে লেখেন, আমরা সারাদিন লীগ তাড়াবো আর বলবো, 'মুজিববাদ, মুর্দাবাদ'। আর তারা মুজিবের ছবি পিছনে টানিয়ে করে শপথ পাঠ।

এরপর সোমবার আরেক ফেইসবুক পোস্টে দরবার হল থেকে ওই ছবি সরানোর কথা জানিয়ে একটি ছবি পোস্ট করেন উপদেষ্টা মাহফুজ আলম, সেখানে তাকে বঙ্গভবনের সেই শপথ মঞ্চের সামনেই দাঁড়িয়ে থাকতে দেখা যায়, তবে পেছনে শেখ মুজিবের ছবিটি আর নেই।

## শক্তি ও কূটনীতিকে একসঙ্গে কাজ করতে হবে

এবং রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনকে শান্তি বেছে নিতে বাধ্য করতে সাহায্য করার জন্য যুক্তরাষ্ট্র ও নেটো মিত্রদের কাছে তদ্বির করছেন। ইউক্রেইন শুধু 'সৎ' কূটনীতির জন্য প্রস্তুত আছে বলে জানিয়েছেন তিনি। ইউক্রেইন দীর্ঘদিন ধরে তার মিত্রদের কাছে রাশিয়ার ভূখণ্ডের অনেক ভেতরে আঘাত হানার জন্য দীর্ঘ পাল্লার পশ্চিমা অস্ত্র ব্যবহারের আবেদন জানিয়ে আসছে। এভাবে মস্কোর অবকাঠামোকে দুর্বল করা যাবে বলে ধারণা তাদের।

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনে ডনাল্ড ট্রাম্প ইউক্রেনপন্থী প্রতিদ্বন্দ্বী ডেমোক্র্যাট প্রার্থী কমলা হ্যারিসকে পরাজিত করার পর রোববার জেলেনস্কি কূটনৈতিক প্রচেষ্টা জোরদার করার আহ্বান জানিয়েছেন। নির্বাচনি প্রচারকালে ট্রাম্প বারবার বলেছেন, তিনি '২৪ ঘণ্টার মধ্যে' ইউক্রেইনের যুদ্ধ বন্ধ করতে পারবেন। কিন্তু কীভাবে এটি তিনি করবেন সে বিষয়ে কখনোই কিছু বলেননি। বৃহস্পতিবার ট্রাম্প পুতিনের সঙ্গে কথা বলেছেন এবং তাকে যুদ্ধ দীর্ঘায়িত না করার পরামর্শ দিয়েছেন বলে একটি সূত্র রয়টার্সকে জানিয়েছে। তবে ট্রাম্পের এই ফোন কলের বিষয়ে তাদের কিছু জানানো হয়নি বলে কিইভ জানিয়েছে। ইউক্রেইনে প্রায় আড়াই বছরে ধরে চলা যুদ্ধ এর চূড়ান্ত পর্যায়ে প্রবেশ করছে বলে মনে করছেন কিছু কর্মকর্তা। গত কিছু দিন ধরে রাশিয়ার বাহিনীগুলো সবচেয়ে তীব্র গতিতে সামনে এগিয়ে গেছে। একই সময়ে এ যুদ্ধের পক্ষে না থাকা ট্রাম্প যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছেন।

## গ্রাউন্ড হ্যান্ডলিং বিমানের হাতেই যাচ্ছে

বলতে সাধারণত যাত্রীর বোর্ডিং পাস ইস্যু, ব্যাগেজ আনা-নেওয়া, কার্গোর মালামাল ওঠানো-নামানো, এয়ারক্রাফটের সব ধরনের সার্ভিসকে বোঝায়।

থার্ড টার্মিনালের গ্রাউন্ড হ্যান্ডলিংয়ের কাজ পেতে শুরু থেকেই চেষ্টা চালিয়ে আসছিল বিমান। এখন যাত্রী এবং কার্গো দুটোই সামলানোর দায়িত্ব পেতে যাচ্ছে রাষ্ট্রায়াত্ত এ কোম্পানি। স্বাধীনতার পর ১৯৭২ সাল থেকে দেশের সব বিমানবন্দরে এককভাবে গ্রাউন্ড হ্যান্ডলিং করে আসছে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স। নিজেদের ফ্লাইটের পাশাপাশি দেশি-বিদেশি ৩০-৪২টি এয়ারলাইন্সের গ্রাউন্ড হ্যান্ডলিংয়ের সেবা দিচ্ছে বিমান। কোম্পানির আয়ের একটি বড় অংশ এই সেবা থেকে আসে।

তবে বিভিন্ন সময়ে বিমানবন্দরে লাগেজ থেকে মালামাল চুরি, মালামাল নষ্ট হওয়া, লাগেজ পেতে দেরি হওয়াসহ নানারকম অভিযোগ আছে বিমানের বিরুদ্ধে।

সর্বশেষ চলতি বছরের ২ সেপ্টেম্বর চেন্নাইগামী ফ্লাইটের এক যাত্রীর ব্যাগ থেকে ছয় হাজার ৮০০ ইউরো অর্থাৎ বাংলাদেশি মুদ্রায় প্রায় নয় লাখ ১০ হাজার টাকা চুরির অভিযোগ ওঠে। ওই ঘটনায় পাঁচজনকে গ্রেপ্তার করে পুলিশে হস্তান্তর করে বিমান।

এসব মিলিয়ে থার্ড টার্মিনালের গ্রাউন্ড হ্যান্ডলিংয়ের দায়িত্ব জাপানের কোনো কোম্পানিকে দায়িত্ব দেওয়ার কথা ভাবা হচ্ছিল। কিন্তু দীর্ঘ আলোচনার পর সিদ্ধান্ত গেল বিমানের পক্ষে। গ্রাউন্ড হ্যান্ডলিং নিয়ে বিমানের বিরুদ্ধে যেসব অভিযোগ উঠেছে, সেগুলোর জন্য বিমানবন্দরের [illegible]

যুক্তরাষ্ট্রের রিপাবলিকান এবং ডেমোক্র্যাটিক- দুই দলেরই সমর্থন পেয়ে আসছে ভারত। উভয় দলের প্রেসিডেন্টদের সঙ্গে ভারত ভালোভাবে কাজ করে এসেছে। তাছাড়া, যুক্তরাষ্ট্র দীর্ঘদিন ধরেই চীনের শক্ত প্রতিদ্বন্দ্বী হিসাবে দেখে আসছে ভারতকে। গত রোববার ভারতের মুম্বইয়ের একটি অনুষ্ঠানে গিয়ে পররাষ্ট্রমন্ত্রী জয়শংকর বলেন, আমি জানি, প্রেসিডেন্ট নির্বাচনের পর আমেরিকার বর্তমান অবস্থা দেখে অনেক দেশই খুব উদ্বিগ্ন। তবে স্পষ্ট বলতে পারি, আমরা মোটেই চিন্তিত নই। ট্রাম্পের শাসনামলে ভারত-যুক্তরাষ্ট্র সম্পর্কের উন্নতি হবে না- এমন আশঙ্কার কোনও কারণ দেখছে না দিল্লি।

তিনি আরও বলেন, আমার মনে হয়, ট্রাম্প যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচিত হওয়ার পর তাকে ফোনকলে অভিনন্দন জানানো বিশ্ব নেতাদের মধ্যে প্রথম তিনজনের একজন ছিলেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তবে শুল্ক লড়াই ভারত-যুক্তরাষ্ট্র সম্পর্কে ট্রাম্পের দ্বিতীয় মেয়াদেও প্রভাব ফেলতে পারে বলেই মনে করছেন বিশ্লেষকরা।

গত অক্টোবরে মোদীকে একজন দারুণ নেতা বলে অভিহিত করেন ট্রাম্প। কিন্তু ভারত অতিরিক্ত শুল্ক আরোপ করেছে বলেও তিনি অভিযোগ করেছিলেন। বিশ্লেষকরা বলছেন, দুই নেতার উষ্ণ সম্পর্ক এই বাণিজ্যিক বিরোধগুলো দূর করতে পারে কিনা তা-ই এখন দেখার বিষয়।

এর আগেও ট্রাম্প ও মোদী একে অপরের প্রশংসা করেছেন। ২০১৯ সালে টেক্সাসে ভারতীয়-আমেরিকান কমিউনিটির আয়োজিত 'হাউডি মোদী' অনুষ্ঠানে যোগ দেওয়া নরেন্দ্র মোদী এবং ডনাল্ড ট্রাম্প একে অপরের প্রশংসায় পঞ্চমুখ ছিলেন। অনুষ্ঠানে প্রায় ৫০ হাজার মানুষ উপস্থিত ছিল। সেসময় যুক্তরাষ্ট্রে কোনও বিদেশি নেতার জন্য এমন আয়োজনকে সর্ববৃহৎ সংবর্ধনা হিসেবে বর্ণনা করা হয়েছিল। পরের বছর ট্রাম্পের প্রথম ভারত সফরের সময় মোদী তাকে নিজ নির্বাচনী এলাকা গুজরাটে বিশ্বের বৃহত্তম ক্রিকেট স্টেডিয়ামে সংবর্ধনা দিয়েছিলেন, যেখানে ১ লাখ ২৫ হাজার মানুষ উপস্থিত ছিল। কিন্তু দুই দেশের এমন আয়োজনের কমতি না থাকলেও সম্পর্ক হুমকির মুখে পড়েছে তিক্ত শুল্ক যুদ্ধের কারণে। প্রথম মেয়াদে ট্রাম্প ভারতের জন্য বিশেষ বাণিজ্য সুবিধা বাতিল করেছিলেন। যুক্তরাষ্ট্রের শ্রম বিভাগের তথ্য অনুযায়ী, এইচ-১বি ভিসা প্রত্যাখ্যানের হার ২০১৬ সালে ৬ শতাংশ থেকে বেড়ে ২০১৯ সালে ২১ শতাংশে পৌঁছায়। এই ভিসার একটি বড় অংশ সাধারণত ভারতীয় প্রযুক্তি কর্মীদের দেওয়া হয়ে থাকে। ভারতের পররাষ্ট্রমন্ত্রী জয়শঙ্কর বলেছেন, পূর্ব ও পশ্চিমের মধ্যে ক্ষমতার ভারসাম্যে পরিবর্তন আসছে। তবে যুক্তরাষ্ট্রের মতো পুরোনো শিল্পোন্নত অর্থনীতির দেশগুলো এখনও খুবই গুরুত্বপূর্ণ। তিনি বলেন, "তাদের বাজার বড়, তারা শক্তিশালী প্রযুক্তি কেন্দ্র। সুতরাং পরিবর্তন আমাদেরকে মেনে নিতে হবে।

**নিয়োগ বিজ্ঞপ্তি**

সর্বশেষ সরকারী বিধি এবং এমপিও নীতিমালা ২০২১ ইং ও জনবল কাঠামো অনুযায়ী সাপখাওয়া বহুমুখী উচ্চ বিদ্যালয়, ডাকঘর ঃ আনছারহাট, উপজেলা ঃ নাগেশ্বরী, জেলা ঃ কুড়িগ্রাম-এর জন্য শূন্যপদে একজন অফিস সহকারী কাম-হিসাব সহকারী, বেতন-কোড ১৬, বেতন স্কেল-৯৩০০/- এবং নবসৃষ্ট পদে একজন অফিস সহায়ক বেতন কোড ২০, বেতন স্কেল-৮২৫০/- ও একজন আয়া, বেতন কোড-২০, বেতন স্কেল-৮২৫০/- প্রতিষ্ঠানের ধরন-এমপিওভুক্ত নিয়োগ করা হইবে। আগ্রহী প্রার্থীদেরকে আগামী ২৮-১১-২০২৪ ইং তারিখের মধ্যে ১০০০/- টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ও প্রয়োজনীয় সকল প্রকার কাগজপত্রসহ নিম্নস্বাক্ষরকারী বরাবর আবেদন করিতে হইবে।

প্রধান শিক্ষক
সাপখাওয়া বহুমুখী উচ্চ বিদ্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

সি-৪২৫/২৪

প্রকাশনা ও মুদ্রণের জন্য একমাত্র প্রতিষ্ঠান
পোস্টার, লিফলেট, বই, ম্যাগাজিন, চিঠিপত্র ও সকল প্রকার কাজ সঠিক সময়ে ডেলিভারী করা হয়।
কুড়িগ্রাম খবর প্রিন্টিং প্রেস
ইউ এ প্লাজা, শাপলা চত্বর, কুড়িগ্রাম।
ফোনঃ ৫১৩৯১, ০১৮১৯৮৫৩৯৭০

দৈনিক
# কুড়িগ্রাম খবর
The Daily Kurigram Khabor

৩০ বছরে দৈনিক কুড়িগ্রাম খবর

রেজিঃ রাজঃ ১৪২ বর্ষ ৩০ সংখ্যা ৬০ কড়িগ্রাম মঙ্গলবার ২৭ কার্তিক ১৪৩১ বাংলাঃ ৯ জমাঃ আউঃ ১৪৪৬ হিজরী Tuesday 12 November 2024:পৃষ্ঠা ৪ মূল্য ৫টাকা

## আজারবাইজানের পথে প্রধান উপদেষ্টা

এফএনএসঃ জলবায়ু বিষয়ক বৈশ্বিক সম্মেলন কপ-২৯-এ যোগ দিতে আজারবাইজানের উদ্দেশে ঢাকা ছেড়েছেন অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম জানান, প্রধান উপদেষ্টা ও তার সফরসঙ্গীদের বহনকারী বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ফ্লাইট আজ গতকাল সোমবার সকাল ১১টায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ছেড়ে যায়। শফিকুল আলম বলেন, জলবায়ু সম্মেলন উপলক্ষে প্রধান উপদেষ্টা ১১-১৪ নভেম্বর আজারবাইজানে সরকারি সফরে থাকবেন। এই সফরে প্রধান উপদেষ্টা অত্যন্ত ব্যস্ত সময় কাটাবেন। জলবায়ু -ঝুঁকিপূর্ণ দেশগুলোর মধ্যে অন্যতম বাংলাদেশ বাকুতে নিজেদের দাবি-দাওয়া এবং জলবায়ু পরিবর্তনের কারণে বাংলাদেশ যে ক্ষতির সম্মুখীন হচ্ছে-এসব বিষয় তিনি বিশ্ববাসীর কাছে তুলে ধরবেন। তিনি আরও বলেন, অধ্যাপক ইউনূস কপ-২৯ জলবায়ু

শেষের পাতায় দেখুন

## বঙ্গভবন থেকে সরানো হলো শেখ মুজিবের ছবি

এফএনএসঃ নতুন তিন উপদেষ্টার শপথ গ্রহণের সময় ছবি রাষ্ট্রপতির বাসভবন বঙ্গভবনের দরবার হলে



প্রধান উপদেষ্টা প্রফেসর মুহাম্মদ ইউনূস সোমবার ঢাকায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অভিবাসী কর্মীদের জন্য 'প্রবাসী লাউঞ্জ' উদ্বোধন করেন। -এফএনএস

## প্রবাসীদের কষ্টের টাকা তারা বিদেশে পাচার করেছে: প্রধান উপদেষ্টা

এফএনএসঃ বিগত আওয়ামী লীগ সরকারের সময় বিপুল পরিমাণ টাকা বিদেশে পাচার হওয়ার কথা উল্লেখ করে প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মহাম্মদ ইউনস বলেছেন. প্রবাসীরা কষ্ট করে টাকা রোজগার করে আনেন, দুর্ভাগ্য হলো দেশের এই টাকা তারা পাচার করেছে। গতকাল সোমবার সকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে আন্তর্জাতিক বিমানবন্দরে অভিবাসী শ্রমিকদের জন্য একটি বিশেষ লাউঞ্জ উদ্বোধনকালে তিনি এ কথা বলেন। ড. ইউনূস বলেন, আপনাদের দিয়ে তো দেশ চলে। আপনাদের মাথায়

শেষের পাতায় দেখুন




## কার নির্দেশে বিমানবন্দরে বিমানবাহিনী, বেবিচকের কাছে জানতে চায় মন্ত্রণালয়

এফএনএসঃ কার নির্দেশে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে বিমান বাহিনীর সদস্য মোতায়েন করা হয়েছে তা লিখিত আকারে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের (বেবিচক) কাছে জানতে চেয়েছে অর্থ মন্ত্রণালয়। একইসঙ্গে 'ইন এইড টু সিভিল পাওয়ার অ্যাক্টে' বেবিচকের বিধিমালা অনুযায়ী বিমানবন্দরে বিমান বাহিনীর সদস্যের মোতায়েন করার সুযোগ আছে কিনা তাও জানতে চাওয়া হয়। গত ২৯ অক্টোবর অর্থ মন্ত্রণালয়ের উপসচিব সৈয়দ আলী বিন হাসান স্বাক্ষরিত এক চিঠি বেবিচক চেয়ারম্যান বরাবর দেওয়া হয়েছে। ৩০ অক্টোবর এই চিঠি বেবিচক গ্রহণ করে। এদিকে বিমানবন্দরে নিরাপত্তায় নিয়োজিত জনবল বৃদ্ধির বিষয়েও ব্যাখ্যা চেয়েছে বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়। গত ৩ নভেম্বর পৃথক এই পত্রটি পত্র বেবিচকে পাঠানো হয়। এই দুই চিঠি গণমাধ্যমের হাতে এসেছে। মন্ত্রণালয় থেকে এ দুই চিঠি প্রাপ্তির বিষয়টির সত্যতা নিশ্চিত করেন বেবিচক চেয়ারম্যান এয়ারভাইস মার্শাল মঞ্জুর কবীর ভূঁইয়া। অর্থ মন্ত্রণালয়ের

শেষের পাতায় দেখুন

## জীবনযাত্রাকে সহজ করতে কাজ করব: নতুন বাণিজ্য উপদেষ্টা

এফএনএসঃ সামগ্রিকভাবে দেশের জনগণের জীবনযাত্রাকে সহজ করতে কাজ করার কথা বলেছেন নতুন দায়িত্ব নেওয়া বাণিজ্য উপদেষ্টা সেখ বশির উদ্দিন। গতকাল সোমবার বাণিজ্য মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভায় একথা বলেন তিনি। উল্লেখ্য, গত রোববার সন্ধ্যায় উপদেষ্টা হিসেবে রাষ্ট্রপতি সাহাবুদ্দিন এর কাছে শপথ নেন সেখ বশির উদ্দিন। পরে তাকে বাণিজ্য মন্ত্রণালয়ের উপদেষ্টার দায়িত্ব দেওয়া হয়। দায়িত্ব পাওয়ার পর গতকাল সোমবার ছিল উপদেষ্টা হিসেবে মন্ত্রণালয়ের তার প্রথম কার্যদিবস। বাণিজ্য উপদেষ্টা বলেন, মুদ্রাস্ফীতির ফলে আমাদের টাকার অংকে যেটা বেড়েছে, ক্রয়ক্ষমতা সেভাবে বাড়েনি। বরং ক্রয়ক্ষমতা কমেছে। আমরা যদি একজন শ্রমিকের দিকে দেখি তাহলে তার জীবনমানের মধ্যে কম্প্রোমাইজ চলে এসেছে। কর্মকর্তাদের উদ্দেশে

শেষের পাতায় দেখুন

## প্রবাসী শ্রমিকদের জন্য বিমানবন্দরে বিশেষ লাউঞ্জ উদ্বোধন প্রধান উপদেষ্টার

এফএনএসঃ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে দেশের অভিবাসী শ্রমিকদের জন্য একটি

শেষের পাতায় দেখুন

দৈনিক কুড়িগ্রাম খবর

The Daily Kurigram Khabor



প্রকাশনা ও মুদ্রণের জন্য একমাত্র প্রতিষ্ঠান
পোস্টার, লিফলেট, বই, ম্যাগাজিন, চিঠিপত্র ও সকল প্রকার কাজ সঠিক সময়ে ডেলিভারী করা হয়।
দিগন্ত কম্পিউটার
নির্ভরতার প্রতীক

প্রকাশনা ও মুদ্রণের জন্য একমাত্র প্রতিষ্ঠান
পোস্টার, লিফলেট, বই, ম্যাগাজিন, চিঠিপত্র ও সকল প্রকার কাজ সঠিক সময়ে ডেলিভারী করা হয়।
কুড়িগ্রাম খবর প্রিন্টিং প্রে
ইউ.এ প্লাজা, শাপলা চত্বর, কুড়িগ্রাম।


# ফুলবাড়ীতে বুদ্ধিপ্রতিবন্ধী যুবকের ঝুলন্ত দেহ উদ্ধার

ফুলবাড়ী প্রতিনিধি ঃ কুড়িগ্রামের ফুলবাড়ীতে হাসানুর রহমান (২৪) নামের এক বুদ্ধিপ্রতিবন্ধী যুবকের ঝুলন্ত দেহ উদ্ধার করেছে পুলিশ। রোববার রাত ৮ টার দিকে ঘটনাটি ঘটে উপজেলার রাবাইতারী গ্রামে। নিহত যুবক ওই গ্রামের নজির হোসেনের ছেলে।

এলাকাবাসী ও পরিবার সুত্রে জানা গেছে, নিহত হাসানুর রহমান দীর্ঘ দিন ধরে বিভিন্ন রোগে ভুগছেন এনিয়ে অনেকটা হতাশা কাজ করেছিল তার। তিনি এর আগেও কয়েক বার আত্মহত্যা করার মার যাওয়ার হুমকি দেন। সবার অজান্তে তিনি নিজ ঘরের আড়ার সঙ্গে গলায় দড়ি দেওয়া অবস্থায় ঝুলছেন। পরে ফুলবাড়ী থানার পুলিশকে খবর দেওয়া হলে ঘটনাস্থল থেকে তার ঝুলন্ত মরদেহ উদ্ধার করে।

ফুলবাড়ী থানার অফিসার ইনচার্জ (ওসি) ছানোয়ার হোসেন জানান লাশ পরিবারের সদসদের কাছে হস্তান্তর করা হয়েছে।



# ১৯ মাস পর হিলি দিয়ে ভারত থেকে চাল আমদানি শুরু

এফএনএসঃ দীর্ঘ ১৯ মাস ১০ দিন পর দিনাজপুরের হিলি স্থলবন্দর দিয়ে আবারও ভারত থেকে চাল আমদানি শুরু হয়েছে। আমদানি শুরুর ফলে দেশের বাজারে দাম কমে আসবে দাবি আমদানিকারকদের। গতকাল সোমবার দুপুর ১২টায় ভারত থেকে চাল বোঝাই ট্রাক প্রবেশ শুরু হয়। সাইরাম ইন্টারন্যাশনাল নামের একটি আমদানিকারক প্রতিষ্ঠান চালগুলো আমদানি করছে। যা ভারতের মারুতি ইন্টারন্যাশনাল নামের রফতানিকারক প্রতিষ্ঠান পাঠাচ্ছে। এখন পর্যন্ত দুটি ট্রাকে ৯০ টন চাল আমদানি হয়েছে। আরও আসার কথা রয়েছে। প্রতি টন চাল ৪১০ মার্কিন ডলার মূল্যে আমদানি করা হয়েছে। হিলি স্থলবন্দরের চাল আমদানিকারক সিরাজুল ইসলাম বলেন, চাল আমদানিতে শুল্ক আরোপ থাকার কারণে বন্দর দিয়ে দীর্ঘদিন ধরেই পণ্যটি আমদানি বন্ধ ছিল। সম্প্রতি শুল্ক প্রত্যাহার করে

## আজারবাইজানের

সম্মেলনের বিভিন্ন ফোরামে বক্তব্য রাখবেন এবং সেখানে অংশগ্রহণকারী গুরুত্বপূর্ণ ব্যক্তিদের সঙ্গে তার বৈঠক হওয়ার কথা রয়েছে। বাংলাদেশ যে

দুর্নীতি দমন কমিশনের (দুদক) পক্ষে ছিলেন অ্যাডভোকেট আসিফ হোসাইন। অরফানেজ ট্রাস্টের নামে সরকারি টাকা আত্মসাতের অভিযোগে বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াকে ২০১৮ সালের ৮ ফেব্রুয়ারি ৫ বছরের কারাদণ্ড দেন বিচারক মেহেদী হাসান বলেন, আপনাদের বক্তব্য শুনেছি। পুনরায় কয়েকটি মামলায় অভিযুক্ত আসামিদের গ্রেপ্তার দেখিয়ে বিচারক চলে যান। এদিন সকাল ৯টা ১০ মিনিটে আসামিদের আদালতে উপস্থিত করা হয়।

শিখারত হলেও কারখানা কর্তৃপক্ষ কথা রাখেনি। আইনশৃঙ্খলা কর্তৃপক্ষের আশ্বাসের পরও বেতন হাতে না পাওয়া পর্যন্ত কোনো কথাই শুনতে তাদের ভালো লাগছে না বলে জানান শ্রমিকরা। যানবাহন চলাচল করতে না পারায় চরম দুর্ভোগে পড়েন যাত্রী ও চালকরা।

## লালমনিরহাটে পলিথিন

ভ্রাম্যমাণ আদালতের অভিযান পরিচালনা করেন।

এ সময় আজাদ হোসেনের পলিথিন কারখানা থেকে প্রায় এক মেট্রিক টন নিষিদ্ধ পলিথিন জব্দ করেন। পলিথিন উৎপাদনের অপরাধে কারখানা মালিক আজাদ হোসেনের এক লাখ ৬০ হাজার টাকা জরিমানা আদায় করেন ভ্রাম্যমাণ আদালত।

নির্বাহী ম্যাজিস্ট্রেট উপজেলা সহকারী কমিশনার (ভূমি) রওজাতুন জান্নাত বলেন, নিষিদ্ধ পলিথিন কারখানা মালিক আজাদ হোসেনের এক লাখ ৬০ হাজার টাকা জরিমানা করে উৎপাদন বন্ধের নির্দেশ দেওয়া হয়েছে। জব্দ করা প্রায় এক মেট্রিক টন পণ্য উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে কথা বলে পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে।

কার্যকলাপ দেয় শিক্ষার্থীরা।

## কার নির্দেশে

উপসচিব সৈয়দ আলী বিন হাসান স্বাক্ষরিত চিঠিতে প্রথমেই জানতে চাওয়া হয়েছে, বাংলাদেশ বিমান বাহিনীর ১৪৫০ জন সদস্যদের ইন এইড টু সিভিল পাওয়ার অ্যাক্টের এর আওতাভুক্ত হওয়ার বিষয়ে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের দায়িত্ব প্রাপ্ত উপদেষ্টা, প্রধান উপদেষ্টা-এর সম্মতি গ্রহণ করা হয়েছে কিনা? বেবিচক-এর বিধিমালা বা প্রবিধানমালা অনুযায়ী ইন এইড টু সিভিল পাওয়ার অ্যাক্টে বিমান বাহিনীর সদস্যদের নিয়োজিত করার সুযোগ আছে কিনা? ইন এইড টু সিভিল পাওয়ার অ্যাক্টে নিয়োজিত বিমান বাহিনীর সদস্যদের ভাতা প্রদানের ক্ষেত্রে বেবিচকের সংশ্লিষ্ট আইন ও বিধি কী রয়েছে? এবং বেবিচকের নিজস্ব তহবিল থেকে ভাতা দিতে কী পরিমাণ আর্থিক সংশ্লেষ হবে, এ পরিমাণ অর্থ বেবিচকের অর্থ বছরভিত্তিক আয়-ব্যয়ের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কিনা তার তথ্যচিত্র।

শুনানি শুরু করলে পাবলিক প্রসিকিউটরের বক্তব্যটি রাজনৈতিক বলে মন্তব্য করেন আমুর পক্ষের আইনজীবী স্বপন রায় চৌধুরী। তখন উত্তেজিত হয়ে আদালতে উপস্থিত একদল আইনজীবীরা তাকে মারধর শুরু করেন। মারধরের ঘটনায় তিনি আদালতের দরজার সামনে পড়ে যান। একপর্যায়ে তাকে লাথি মারা হয়। এরপর কয়েকজন আইনজীবী তাকে তুলে আদালত থেকে নিরাপদে বের করে দেন। পরে সাংবাদিকদের সামনে এ ঘটনার বিচার দাবি করেন তিনি। পরে গত ৮ নভেম্বর এক সংবাদ সম্মেলনে ঢাকা মহানগর দায়রা জজ আদালতের পাবলিক প্রসিকিউটর (পিপি) ওমর ফারুক ফারুকী দাবি করেন, আইনজীবীকে মেরে বের করে দেওয়ার ঘটনা সাজানো। আমির হোসেন আমুর আইনজীবীকে রাষ্ট্রপক্ষের কোনো আইনজীবী মারধর করেনি। প্রকৃতপক্ষে আমির হোসেন আমুর পক্ষে আদালতে একাধিক ওকালতনামা জমা দেওয়া নিয়ে দুটি পক্ষের মধ্যে আদালতে বিশৃঙ্খলা সৃষ্টি হয়। এরপর একটি পক্ষে তাকে আদালত থেকে বের করে দেয়। ভুক্তভোগী আইনজীবী স্বপন রায় চৌধুরী বলেন, আদালতের মধ্যে আমার উপরে ১০ থেকে ২০ জন আইনজীবী হামলা করেছে। আদালতে পিপি সাহেব রাজনৈতিক কথা বলেছেন। সেজন্য আমি বলেছি, আপনি রাজনৈতিক বক্তব্য দিয়েছেন। এরপর সরকার পক্ষের আইনজীবীরা আমার উপর হামলা চালায়।

মধ্যে মধ্যমেয়াদি পরিকল্পনা বাস্তবায়ন করতে পারবো। দীর্ঘমেয়াদিগুলো নির্বাচিত সরকার এসে বাস্তবায়ন করবে। আমরা মধ্য ও শর্ট টাম এমন কিছু করবো, অন্য সরকার এসে যেন সেটা পারসু করে, সেভাবে কাজ করে যায়। এখন আয় বৈষম্য থেকে সম্পদের বৈষম্য বেশি। অধিকাংশ সেবা আমরা অটোমেটেড করার চেষ্টা করছি। আমরা ডিজিটাল বাংলাদেশ বললেও দুঃখজনক হলেও সত্যি আমরা সেভাবে ডিজিটালাইজড হতে পারিনি। স্বচ্ছতা ও জবাবদিহিতা না এলে কোনোকিছুই সম্ভব নয়। অর্থ উপদেষ্টা বলেন, আমাদের সিদ্ধান্তগুলো এখন দ্রুত হয়।

## ইতিহাসে প্রতিদিন

### আজ (মঙ্গলবার) ১২ নভেম্বর ২০২৪

দিবস

বিশ্ব নিউমোনিয়া দিবস - অতীতে ১ নভেম্বর অথবা ২ নভেম্বর দিবসটি পালিত হতো। কিন্তু ২০১০ খ্রিস্টাব্দ থেকে সারা বিশ্বে সম্মিলিতভাবে ১২ নভেম্বর দিবসটি পালন শুরু হয়।

ডড়ৎষফ চহবঁসড়হরধ উধু

আলোচিত ঘটনাসমূহ

১৭৮১ - ব্রিটিশ বাহিনী দক্ষিণ ভারতের নাগাপাট্টম দখল করে।
১৮৩৭ - দেশীয় ও ইউরোপীয় ভূ-স্বামীদের স্বার্থরক্ষার্থে ভারতে জমিদার সভা প্রতিষ্ঠিত হয়।
১৯১৩ - রবীন্দ্রনাথকে নোবেল পুরস্কারে ভূষিত করার সিদ্ধান্ত ঘোষিত হয়।
১৯১৮ - অস্ট্রিয়াকে প্রজাতন্ত্র হিসেবে ঘোষণা করা হয়।
১৯৩০ - ভারতে ব্রিটিশবিরোধী আইন অমান্য আন্দোলনের প্রেক্ষাপটে লন্ডনে প্রথম গোলটেবিল বৈঠক হয়।
১৯৪৭ - ভারতের স্বাধীনতার পর জাতির জনক মহাত্মা গান্ধী আজকের দিনে প্রথম ও শেষ বারের মত আকাশবাণী দিল্লি কেন্দ্র পরিদর্শন করেন ও ভাষণ দেন।


## নিয়োগ বিজ্ঞপ্তি

সর্বশেষ সরকারী বিধি এবং এমপিও নীতিমালা ২০২১ইং ও জনবল কাঠামো অনুযায়ী সাপখাওয়া বহুমূখী উচ্চ বিদ্যালয়, ডাকঘরঃ আনছারহাট, উপজেলাঃ নাগেশ্বরী, জেলাঃ কুড়িগ্রাম এর জন্য শুন্যপদে একজন অফিস সহকারী কাম-হিসাব সহকারী, বেতন-কোড ১৬, বেতন স্কেল- ৯৩০০/-এবং নবসৃষ্ট পদে একজন অফিস সহায়ক বেতন কোড ২০, বেতন স্কেল-৮২৫০/- ও একজন আয়া, বেতন কোড-২০, বেতন স্কেল-৮২৫০/- প্রতিষ্ঠানের ধরন-এমপিও ভুক্ত, নিয়োগ করা হইবে। আগ্রহী প্রার্থীদেরকে আগামী ২৮.১১.২০২৪ইং তারিখের মধ্যে ১০০০/- টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ও প্রয়োজনীয় সকল প্রকার কাগজপত্রসহ নিম্নস্বাক্ষরকারী বরাবর আবেদন করিতে হইবে।

প্রধান শিক্ষক
সাপখাওয়া বহুমূখী উচ্চ বিদ্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।
পি-৩৫১/২০২৪



উপদেষ্টা সম্পাদকঃ এ্যাডভোকেট আব্রাহাম লিংকন, প্রধান উপদেষ্টাঃ আলহাজ্ব মোঃ সাইফুর রহমান (রানা), উপদেষ্টাঃ নিয়াজ মোঃ নজমুল ব্রাউন, সম্পাদক, প্রকাশক ও মুদ্রাকরঃ এস.এম ছানালাল বকসী। সম্পাদক কর্তৃক কুড়িগ্রাম খবর প্রিন্টিং প্রেস থেকে মুদ্রিত শহীদ মিনার সংলগ্ন ইউ.এ প্লাজা (শাপলা চত্বর), কুড়িগ্রাম থেকে প্রকাশিত, কম্পিউটার কম্পোজঃ দিগন্ত কম্পিউটার্স সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় জেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন (নিচ তলা) কলেজ মোড়, কুড়িগ্রাম। ফোন ও ফ্যাক্সঃ ০২৫৮৯৯৫০০২০, ০২৫৮৭৭২৬১২৪ মোবাইলঃ ০১৭১৭১২১৬৬৪, ০১৮১৯৮৫৩৯৭০, whatsapp: 01717121664, ই-মেইলঃ kurigramkhabor@gmail.com, weebsite: www.dailykurigramkhabor.com, ঢাকা ব্যুরো অফিসঃ নয়া পল্টন, ঢাকা, ফোনঃ ৮৩২১১৭২৭, মোবাইলঃ ০১৭১১৯৩৭৬৮৬।